শিক্ষাঙ্গন

এইচএসসি পরীক্ষা

# অভিভাবকদের ভোগান্তি কমাতে নতুন নির্দেশনা

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৩ জুলাই ২০২৬, ০২:০৬ পিএম



ছবি: সংগৃহীত।




**পরবর্তী খেলাসমূহ**

**সোমবার ৬ জুলাই ২০২৬** — [শেষ ১৬] রাত ২টা

নরওয়ে – ব্রাজিল

মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি, যুক্তরাষ্ট্র

**সোমবার ৬ জুলাই ২০২৬** — [শেষ ১৬] সকাল ৬টা

মেক্সিকো – ইংল্যান্ড

এস্তাদিও আজতেকা, মেক্সিকো সিটি, মেক্সিকো

এইচএসসি পরীক্ষার কেন্দ্রের বাইরে অভিভাবকদের জন্য শেড ও বসার চেয়ার স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেয়।

কড়া নজরদারির মধ্যে চলছে এইচএসসি পরীক্ষা

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর জেসমিন তাসলিমা বানুর সই করা বিজ্ঞপ্তিতে বলা হয়, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর বিভিন্ন পরীক্ষাকেন্দ্র পরিদর্শনকালে লক্ষ্য করা গেছে, পরীক্ষার্থীদের অভিভাবকগণ তাদের সন্তানদের জন্য কেন্দ্রের বাইরে দীর্ঘ সময় অবস্থান করেন। কিন্তু অধিকাংশ কেন্দ্রেই অভিভাবকদের জন্য কোনো নির্ধারিত অপেক্ষমান শেড বা বসার স্থান নেই। ফলে বৃষ্টি, রোদ কিংবা প্রতিকূল আবহাওয়ার মধ্যে তাদেরকে অত্যন্ত কষ্টকর পরিবেশে অবস্থান করতে হয়।

পা দিয়ে লিখে এইচএসসি পরীক্ষা দিচ্ছে কলি

এ ছাড়াও কেন্দ্রের বাইরে অভিভাবকদের অবস্থান ও চলাচল সুশৃঙ্খলভাবে নিয়ন্ত্রণের জন্য কোনো রোভার স্কাউট, গার্লস গাইড বা বিএনসিসি সদস্য নিয়োজিত না থাকায় অনেক ক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত ভিড়, বিশৃঙ্খলা এবং জনদুর্ভোগের সৃষ্টি হয়।

এইচএসসির প্রথম পরীক্ষায় অনুপস্থিত ২৪,৭৮৪ জন, বহিষ্কার ৭

পরীক্ষার্থীদের অভিভাবকদের সার্বিক সুবিধায় কেন্দ্রের বাইরে নিরাপদ ও উপযুক্ত স্থানে অপেক্ষমান শেডসহ বসার জন্য চেয়ার স্থাপন নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সঙ্গে কেন্দ্রের বাইরের শৃঙ্খলা ও জনসমাগম নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক রোভার স্কাউট/ গার্লস গাইড/বিএনসিসি সদস্য নিয়োগ দিতে বলা হয়েছে।